



# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Agricultural Research Institute  
Gazipur-1701



ফোন: ০২-৪৯২৭০০০০  
পিএবিএক্স: ৪৯২৭০০৪১-৮  
ফ্যাক্স: ০২-৪৯২৭০২০১  
E. mail: dg.bari@bari.gov.bd  
web: www.bari.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.২১.০০০০.০২০.০৬.০০৩.১৭.৩৫৬৭

তারিখ: ৩০/১২/২১

**বিষয়ঃ** ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের উপর ২৩/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সভার (PIC) কার্যবিবরণী।

চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আওতায় বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা গত ২৩/১২/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্ব-শরীরে এবং যুগপৎ Zoom Cloud Meeting Platform-এ ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর মহোদয়ের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, বিএআরআই এর পরিচালকবৃন্দ এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় ক্রমান্বয়ে বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের কার্যক্রম উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

## ১। বাংলাদেশে তেলবীজ ও ডাল ফসলের গবেষণা ও উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

“বাংলাদেশে তেলবীজ ও ডাল ফসলের গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত)” প্রকল্পটি ২৭০২.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৬ - ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৫২৬.২৫ লক্ষ টাকা (৯৪%) এবং বাস্তব অগ্রগতি ৯৭%। ২০২১-২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ২৯৪.০০ লক্ষ টাকা। সভায় প্রকল্পের বর্তমান অবস্থা ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন প্রকল্প পরিচালক, ড. মো. আব্দুল লতিফ আকন্দ। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

### সিদ্ধান্তঃ

- প্রকল্পটি সমাপ্তির পর তেলবীজ গবেষণা কেন্দ্রের ল্যাবরেটরীর গবেষণা কার্যক্রম চলমান রাখার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- তেলবীজ ও ডাল ফসলের গবেষণা কার্যক্রম চলমান রাখার স্বার্থে নতুন প্রকল্প প্রস্তাব প্রণয়নের সুপারিশ করা হয়।
- তেলবীজ গবেষণা কেন্দ্রের ল্যাবরেটরীতে আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবল মন্ত্রণালয়ের সহযোগিতায় রাজস্ব খাতে স্থানান্তর সম্ভব না হলে প্রকল্প সমাপ্ত হওয়ার পর ল্যাবরেটরী চলমান রাখার স্বার্থে কর্তৃপক্ষ বিএআরআই এর নিজস্ব জনবল হতে প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়ন করবেন।
- বারি তিল-৫, বারি তিল-৬ এসব জাতের সম্প্রসারণ এবং রপ্তানীর সুযোগ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

## ২। ভাসমান বেড়ে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ (বারি অংগ)

“ভাসমান বেড়ে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ (বারি অংগ)” প্রকল্পটি ৩৬৫১.৬৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ - জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৮৫৬.৩৪ লক্ষ টাকা (৭৮%) এবং বাস্তব অগ্রগতি ৮০%। ২০২১-২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬১৬.০০ লক্ষ টাকা। প্রকল্পটির কার্যক্রম ২৫টি উপজেলায় পরিচালিত হচ্ছে। সভায় প্রকল্পের বর্তমান অবস্থা ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন প্রকল্প পরিচালক, ড. মো. মোস্তাফিজুর রহমান তালুকদার। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিদ্ধান্তঃ

- ভাসমান বেড়ে চাষাবাদকৃত ফসল উৎপাদনের ফলে জলাশয়ের পানির গুণাগুণের উপর কি প্রভাব ফেলে তা নির্ণয়ের জন্য ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রকল্পের উদ্দেশ্য ভিত্তিক অর্জন পরবর্তী পিআইসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ভাসমান বেড়ে পোকামাকড় ও রোগবালাই এর আক্রমণের তুলনামূলক চিত্র এবং ভাসমান বেড়ে উৎপাদিত সবজির কীটনাশকের অবশিষ্টাংশের পরিমাণ নির্ণয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ভাসমান বেড তৈরী তুলনামূলক ব্যয়বহুল বিধায় কম খরচে ভাসমান বেড তৈরীর প্রযুক্তি উদ্ভাবনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশসমূহের ব্যাপারে কি কি ব্যবস্থা নেয়া হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।